

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০০২.০০.০০.০৩৭.১৫(অংশ-১)- ৬২১

তারিখ : ৩১ বৈশাখ, ১৪২৪
১৪ মে, ২০১৭

বিষয় : এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রদেয় Basic Block Grant (BBG)/ Performance Based Grant (PBG) এবং পাইলট ডিস্ট্রিক্টে পৌরসভাসমূহের অনুকূলে প্রদেয় Expanded Block Grant (EBG) এর অর্থ অনুদান হিসেবে বিবেচনা প্রসঙ্গে।।


সূত্র : এলজিএসপি-২ হতে প্রাপ্ত পত্র নং-৪৭৬, তারিখ : ২৯/০৩/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) শীর্ষক প্রকল্পটি গত ৩১.০১.২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ এবং প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৫,৫৩৫.০০ কোটি (পাঁচ হাজার পাঁচশত পঁয়ত্রিশ কোটি) টাকা (জিওবি ৩,১৫৩.০০ কোটি ও প্রকল্প সাহায্য ২,৩৮২.০০ কোটি)। উক্ত টাকার মধ্যে ৫,২৩২.৯১৫ কোটি টাকা ঋণ বরাদ্দ হিসেবে দেশের সকল ইউনিয়ন পরিষদ ও পাইলট ডিস্ট্রিক্টে ১৬টি পৌরসভায় প্রদান করা হবে। ইতোমধ্যে বিশ্বব্যাংকের সাথে Financing Agreement স্বাক্ষরিত হয়েছে।

০২। অর্থ বিভাগের অনুমোদনক্রমে এলজিএসপি-২ এর আওতায় ইউনিয়ন পরিষদের অনুকূলে বিবিজি ও পিবিজি-বাবদ প্রদত্ত অর্থ ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এর ৫৩ ধারার বিধান অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তহবিলের অংশ হিসেবে বিবেচনা করে ৩০ শে জুন তারিখের অব্যয়িত অংশ সরকারের কোষাগারে ফেরত প্রদান না করে পরবর্তী অর্থ বছরে ব্যবহৃত হতো।

০৩। লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) বাস্তবায়নে এলজিএসপি-২ এর ন্যয় নিজস্ব তহবিল হিসেবে বিবেচনা করে একই পদ্ধতিতে ইউনিয়ন পরিষদের অনুকূলে Basic Block Grant (BBG)/ Performance Based Grant (PBG) এবং পাইলট ডিস্ট্রিক্টে গৃহীত ১৬টি পৌরসভায় Expanded Block Grant (EBG) বাবদ প্রদেয় অর্থের ৩০ জুন তারিখে অব্যয়িত অর্থ পরবর্তী অর্থ বছরে ব্যয় করার (Rollover) বিষয়টি অব্যাহত রাখা প্রয়োজন মর্মে এলজিএসপি-২ জানিয়েছেন। উল্লেখ্য পূর্ববর্তী অর্থ বছরের অব্যয়িত অর্থ পরবর্তী অর্থ বছরে ব্যয় করার (Rollover) বিষয়টি এলজিএসপি-৩ এর অনুমোদিত ডিপিপি-তে উল্লেখ রয়েছে।

০৪। এমতাবস্থায়, এলজিএসপি-৩ এর আওতায় ইউনিয়ন পরিষদের অনুকূলে বিবিজি ও পিবিজি এবং পাইলট ডিস্ট্রিক্টে ১৬টি পৌরসভার অনুকূলে প্রদেয় ইবিজি'র অর্থ সংশ্লিষ্ট অর্থ বছরের ৩০ শে জুন তারিখের অব্যয়িত অর্থ সরকারের কোষাগারে ফেরত প্রদান না করে পরবর্তী অর্থ বছরের বরাদ্দের অংশ হিসেবে বিবেচনা করে ব্যয়ের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. সৈয়দা নওশীন পারভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. জাতীয় প্রকল্প পরিচালক, সেকেন্ড লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২), ৯০/১ মতিঝিল, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ : উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন, অর্থ ও ক্রয়)]
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।